# সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ১৩৯

২৮. খাওয়ার পূর্বে ও পরে রাসূলুল্লাহ (ﷺ) এর দুআ (باب ما جاء في قول رسول الله ﷺ قبل الطعام وعند الفراغ منه)

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسَى ، قَالَ : حَدَّثَنَا أَبُو دَاوُدَ ، قَالَ : حَدَّثَنَا هِشَامٌ الدَّسْتُوَائِيُّ ، عَنْ بُدَيْلٍ الْعُقَيْلِيِّ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ ، عَنْ أُمِّ كُلْثُومٍ ، عَنْ عَائِشَةَ ، قَالَتْ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " إِذَا أَكَلَ أَحَدُكُمْ , فَنَسِيَ أَنْ يَذْكُرَ اللَّهَ تَعَالَى عَلَى طَعَامِهِ , فَلْيَقُلْ : بِسْمِ اللَّهِ أَوَّلَهُ وَآخِرَهُ " .

বাংলা

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাবারের শুরুতে আল্লাহর নাম নিতেন :

১৩৯. আয়েশা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের কেউ যদি খাবারের সময় আল্লাহর নাম (বিসমিল্লাহির রাহমানির রাহীম) উচ্চারণ করতে ভুলে যায়, তাহলে সে যেন (স্মরণ হলে) বলেন,

بِسْمِ اللَّهِ أَوَّلَهُ وَآخِرَهُ

“বিসমিল্লা-হি আওওয়ালাহু ওয়া আ-খিরাহু”

অর্থাৎ খাওয়ার শুরুতে ও শেষে আল্লাহর নাম স্মরণ করছি।[1]

## English

Aayeshah radiyallahu 'Anha says: "Rasulullah Sallallahli 'Alayi Wasallam said: 'When one eats and has forgotten to recite 'Bismillah', then when one remembers while eating, one should recite 'Bismillahi awwalahu wa aa-khirahu' ".

ফুটনোট

[1] আবু দাউদ, হা/৩৭৬৯; ইবনে মাজাহ, হা/৩২৬৪; মুসনাদে আহমাদ, হা/২৫৭৭৪; সহীহ ইবনে হিব্বান, হা/৫২১৪; মুস্তাদরাকে হাকেম, হা/৭০৮৭; দারেমী, হা/২০২০; সহীহ তারগীব ওয়াত তারহীব, হা/২১০৭ ।

ব্যাখ্যা

এ হাদীস হতে বুঝা যায় যে, ‘বিসমিল্লাহ’ বলে আহার শুরু করা সুন্নাত। শুধু ‘বিসমিল্লাহ’ বলাতেই এ সুন্নাত আদায় হবে। এ ক্ষেত্রে এই শব্দের সাথে অন্য কোন শব্দ যোগ করা যাবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=49053

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন